পুঠিয়া উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ
পুঠিয়া, রাজশাহী।

এতদ্বারা পুঠিয়া ইউসিসিএলি: এর সকল (সদস্য) প্রাথমিক সমিতিকে জানানো যাচ্ছে যে, আগামী ২৪ ডিসেম্বর/২০২০ খ্রি: তারিখ রোজ বৃহঃপতিবার সকাল ১১.০০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত (বিরতিহীন) পুঠিয়া ইউসিসিএলি: এর প্রশিক্ষণ হল রুমে পুঠিয়া ইউসিসিএলি: এর ব্যবস্থাপনা কমিটির ০১ (এক) জন সভাপতি, ০১ (এক) জন সহ-সভাপতি, সমগ্র এলাকা হতে এবং ০৬টি ব্লকে ০৬ (ছয়) জন সদস্য নির্বাচনের জন্য ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

উক্ত নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচনী তফশীল নিম্নরুপ ভাবে ঘোষনা করা হলো।

| ক্রমিক নং | বিষয় | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ০১ | মনোনয়ন পত্র বিতরণ | ২৫/১১/২০২০ ইং হতে ২৬/১১/২০২০ ইং পর্যন্ত | অফিস চলাকালীন সময়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়। |
| ০২ | মনোনয়ন পত্র দাখিল। | ৩০/১১/২০২০ ইং | সকাল ১১ টা হতে দুপুর ০৪টা পর্যন্ত | পুঠিয়া ইউসিসিএ লি: এর কার্যালয়ে। |
| ০৩ | মনোনয়ন পত্র বাছাই ও খসড়া তালিকা প্রকাশ। | ০১/১২/২০২০ ইং | সকাল ১১.০০ টা হতে ০৪ টা পর্যন্ত | উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়। |
| ৪ | বাতিলকৃত মনোনয়নপত্র পুন: বিবেচনার জন্য আপিলের আবেদন। | ০২/১২/২০২০ ইং হতে ০৩/১২/২০২০ ইং পর্যন্ত | অফিস চলাকালীন সময়। | যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী। |
| ৫ | বাতিলকৃত মনোনয়নপত্র আপিলের শুনানী ও সিদ্ধান্ত গ্রহণ। | ০৬/১২/২০২০ইং ০৭/১২/২০২০ ইং ০৮/১২/২০২০ ইং | অফিস চলাকালীন সময়। | যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী। |
| ৬ | মনোনয়নপত্র প্রত্যাহার | ১০/১২/২০২০ ইং | সকাল ১০.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত | পুঠিয়া ইউসিসিএ লি: এর কার্যালয়ে। |
| ৭ | চুড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ ও নির্বাচনী প্রতীক বরাদ্দ | ১৩/১২/২০২০ ইং | সকাল ১১.০০ টা | উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়, পুঠিয়া এর নোটিশ বোর্ড। |
| ৮ | ভোট গ্রহণ | ২৪/১২/২০২০ খ্রি: | সকাল ১১.০০ টা হতে বিকাল ৩.০০ টা পর্যন্ত (বিরতিহীন) | সম্মেলন কক্ষ। |

**৯। নির্বাচনী প্রতীক সমূহ: ক) চেয়ার, খ) আম, গ) বই, ঘ) তরবারী, ঙ) বাস, চ) কুড়াল, ছ) তালা চাবি, জ) মই।**

শর্তসমূহঃ

১। আইনের ধারা ১৯ ও বিধিমালার বিধি ২৪ এর বিধান সাপেক্ষে কোন ব্যক্তি এসোসিয়েশনের ব্যবস্থাপনা কমিটির সদস্য হিসাবে নির্বাচিত হবার বা ব্যবস্থাপনা কমিটির সদস্য পদে বহাল থাকবার যোগ্য হবেন না যদি তিনিঃ

ক) ২১ বছর বয়স্ক না হন।

খ) উক্ত নির্বাচন অনুষ্ঠানের পূর্ববর্তী তিন বছর যাবৎ অব্যাহতভাবে এসোসিয়েশনের সদস্যভুক্ত সংশ্লিষ্ট প্রাথমিক সমবায় সমিতির সদস্য না থাকেন এবং এই তিন বছর অনুষ্ঠিত সংশ্লিষ্ট প্রাথমিক সমবায় সমিতি অন্যুন দুটি বার্ষিক সাধারণ সভায় উপস্থিত না থাকেন।

গ) কোন ফৌজদারী অপরাধের কারণে দোষী সাব্যস্ত হয়ে ২ বছর বা ততোধিক মেয়াদের জন্য কারাদন্ডে দন্ডিত হয়ে থাকেন এবং কারাভোগের ৫ বছর সময় অতিবাহিত না হয়।

ঘ) সংশ্লিষ্ট প্রাথমিক সমবায় সমিতি, অত্র এসোসিয়েশনের বা অন্য যে কোন সমবায় সমিতি বা কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ঋণ, অগ্রীম, গৃহীত পণ্যের মূল্য বা অন্য যে কোন পাওনা বা পাওনার কিস্তি পরিশোধের ক্ষেত্রে উক্ত সমিতি কর্তৃক খেলাপী হিসাবে চিহ্নিত হন।

ঙ) সদস্য সমিতির ব্যবস্থাপনা কমিটির বা উহার কোন সদস্যের অধীনে অথবা এসোসিয়েশনের ব্যবস্থাপনা কমিটির কোন সদস্যের বা এসোসিয়েশনের অধীনে বেতনভোগী কর্মচারী হন বা এসোসিয়েশনের আওতাধীন কোন লাভজনক পদে অধিষ্ঠিত হন।

চ) এসোসিয়েশনের কোন কাজের জন্য ঠিকাদার হন বা লাভজনকভাবে এসোসিয়েশনের কোন সামগ্রী সরবরাহ করেন।

ছ) যথোপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া বা অপ্রকৃতিস্থ ঘোষিত হন।

জ) তিনি যে সমিতির প্রতিনিধি হিসাবে নির্বাচনে অংশগ্রহণের ইচ্ছা প্রকাশ করেন সেই সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক লিখিত ভাবে ক্ষমতা প্রাপ্ত না হন।

২। কোন ব্যক্তি বা সদস্য কোন সমবায় সমিতি, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে ব্যক্তিগত পর্যায়ে গৃহীত বা জামানত প্রদানের মাধ্যমে অন্যকে দেওয়া ঋণ, অগ্রীম কিংবা কোন পণ্যেও মূল্য বা অন্য যে কোন সেলামী বা সঞ্চয় জামানত বা চাঁদা পাওনার খেলাপী অংশ মনোনয়নপত্র দাখিলের পূর্বে সম্পূর্ণ পরিশোধ না করা পর্যন্ত নির্বাচনে অংশ গ্রহণের যোগ্য হবেন না।

৩। কোন ব্যক্তি একই সাথে একাধিক পদে প্রার্থী হতে পারবেন না।

৪। নির্বাচন কমিটির কোন সদস্য নির্বাচনে প্রার্থী হতে পারবেন না।

৫। কোন সদস্যের নামে যদি অডিটে উদঘাটিত কোন দায় থাকে তবে উক্ত দায় মনোনয়নপত্র দাখিলের পূর্বে সম্পূর্ন পরিশোধ বা আইনানুগ কর্তৃপক্ষ কর্তৃক অবলোপন না করা পর্যন্ত তিনি নির্বাচনে অংশ গ্রহণের যোগ্য হবেন না।

৬। কোন ব্যক্তি এসোসিয়েশনের সদস্যভুক্ত কোন একটি প্রাথমিক সমিতির প্রতিনিধি হিসাবে ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে একবার প্রার্থী হলে পরবর্তীতে ঐ সমিতি ব্যতীত অন্য কোন সমিতির প্রতিনিধি হিসাবে এসোসিয়েশনের নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন না।

৭। ঋণ খেলাপী সদস্য সমিতি খেলাপী ঋণ ৭৫% মনোনয়ন দাখিলের পূর্বে পরিশোধ না করা পর্যন্ত এসোসিয়েশনের নির্বাচনে অংশগ্রহণ কিংবা অংশগ্রহণের নিমিত্তে প্রতিনিধি মনোনয়ন করতে পারবেন না।

৮। নির্বাচন অনুষ্ঠানের পূর্ববর্তী ২ (দুই) বছরের বিধিবদ্ধ নিরীক্ষা প্রতিবেদনে অকার্যকর হিসাবে চিহ্নিত বা অবসায়নে ন্যস্ত কিংবা নিবন্ধন বাতিল হয়েছে এই ধরণের কোন সদস্য সমিতি বিধি ২৪ (৪) মোতাবেক এসোসিয়েশনের নির্বাচনে অংশ গ্রহণের নিমিত্তে প্রতিনিধি মনোনয়ন করতে পারবেন না।

৯। পুঠিয়া ইউসিসিএলিঃ এর ব্যবস্থাপনা কমিটির ২২/১০/২০২০ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক সভাপতি পদের জন্য ৩,০০০/-(তিন হাজার )টাকা ,সহসভাপতির পদের জন্য ২,০০০/-(দুই হাজার) টাকা এবং সদস্য পদের জন্য ১,০০০/-(এক হাজার )টাকা প্রদান পূর্বক মনোনয়ন পত্র সংগ্রহ করা যাবে।

22/11/2020

সভাপতি
নির্বাচন কমিটি/২০২০
পুঠিয়া ইউসিসিএ লিঃ
ও
উপজেলা সমবায় অফিসার
পুঠিয়া, রাজশাহী।

স্মারক নংঃ- ৪৭.৬২.৮১৮২.০০০.০০.০৩৩.৭৭.৩৬৮ তারিখঃ ২২-১১-২০খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরিত হলো। জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। যুগ্ম নিবন্ধক, সমবায় দপ্তর , রাজশাহী বিভাগ, রাজশাহী।
২। উপপরিচালক, বিআরডিবি, রাজশাহী।
৩। জেলা সমবায় অফিসার, রাজশাহী।
৪। সভাপতি, পুঠিয়া ইউসিসিএলিঃ পুঠিয়া, রাজশাহী।
৫। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পুঠিয়া, রাজশাহী।
৬। উপজেলা সমবায় অফিসার, পুঠিয়া, রাজশাহী।

22/11/2020

সভাপতি
নির্বাচন কমিটি/২০২০
পুঠিয়া ইউসিসিএ লিঃ
ও
উপজেলা সমবায় অফিসার
পুঠিয়া, রাজশাহী।

স্মারক নংঃ- ৪৭.৬২.৮১৮২.০০০.০০.০৩৩.৭৭. ৩৬৮ তারিখঃ ২২-১১-২০খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সভাপতি/ম্যানেজার ............................................কেএসএস/এমএসএস,পুঠিয়া, রাজশাহী।
২। নোটিশ বোর্ড/ অফিস নথি।

(মোঃ জিয়াউর রহমান)
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
পুঠিয়া,রাজশাহী।